[redacted]

[redacted]

[redacted]

[

মোঃ আজগর আলী বলেন,ধর্ষনের ঘটনায় মেয়ের পিতা বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেছেন। মেয়েটিকে ডাক্তারি পরিক্ষা ও আসামি ২২ ধারা করনোর জন্য ঝিনাইদহ নিয়ে যাওয়া হচ্ছে।

কোটচাঁদপুরে দেশীয় অস্ত্র দেখিয়ে নগদ টাকা, মোবাইল ও মটর সাইকেল ছিনতাই

দেশীয় অস্ত্র দেখিয়ে নগদ টাকা, মোবাইল ও মটর সাইকেল ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। শুক্রবার সন্ধ্যা রাতে কোটচাঁদপুরের ঘাঘা- জালালপুর সড়কের বালুখোলা নামকস্থানে এ ঘটনা।

ভুক্তভোগী আব্দুল খালেক বলেন, গতকাল শুক্রবার (২১ এপ্রিল) তারিখ বিকেলে তালসারে গিয়েছিলাম জামাই বাড়ি। ওইদিনই সন্ধ্যা রাতে আমার গ্রামের বাড়ি জালালপুর ফিরছিলাম।

পথিমধ্যে ঘাঘা- জালালপুর সড়কের বালুখোলা নামকস্থানে আসার পর দুই জন ধারালো দা দেখিয়ে আমার গতিরোধ করে। ছিনিয়ে নেন আমার মোবাইল,নগদ ৭ হাজার টাকা আর মটর সাইকেলের চাবি। এরমধ্যে ওই স্থানে চলে আসে জালালপুর দর্গা পাড়ার কামরুল ইসলাম। তাঁর কাছে ছিল পালসার মটর সাইকেল।
সে আসার পর তাঁর কাছ থেকে মটর সাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যান।

তিনি বলেন, এ সময় আমি মটর সাইকেল থেকে নামতে গেলে,তারা আমাকে গুলি করে দিবেন বলে হুমকি দেন। এ ঘটনার পর কামরুল ইসলাম থানায় গিয়েছিল। আর আমার কাছ থেকে তালসার পুলিশ ফাঁড়ির অফিসার সব কিছু লিখে নিয়েছেন।

মটর সাইকেল দুই আরোহী কোটচাঁদপুরের জালালপুর গ্রামের বাসিন্দা। তাদের কাছ থেকে নগদ ৭ হাজার টাকা, ৩ টি মোবাইল ও মটর সাইকেল নিয়ে গেছেন বলে জানা গেছে।

তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আজগর আলী বলেন, ঘটনা শোনার পর,

আমি ঘটনাস্থলে গিয়ে ছিলাম। সব কিছু শুনেছি। অভিযোগ করতে তাদের থানায় যাবার কথা ছিল। গেছেন কিনা জানা নাই।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) সিরাজ আলম বলেন,ওই ঘটনায়, এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ বা জিডি হয়নি।

কোটচাঁদপুরে মাটি ব্যবসায়ী সাইফুলকে এক লাখ টাকা জরিমানা

আইন অমান্য করে মাটি কাটার অভিযোগে কোটচাঁদপুরের মাটি ব্যবসায়ি সাইদুল ইসলামকে এক লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত। আজ বুধবার সকালে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুরের পারলাট গ্রামের সাইদুল ইসলাম। সে উপজেলার ঝামাঘাটা এলাকায় আইন অমান্য করে পুকুর থেকে ভেকু দিয়ে মাটি কাটছিল।

খবর পেয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে ও সহকারী কমিশনার (ভুমি) নিরুপমা রায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

এ সময় মাটি ব্যবসায়ি সাইদুল ইসলাম কে এক লাখ টাকা জরিমানা করেন। সে কোটচাঁদপুরের পারলাট গ্রামের বাসিন্দা।

বিষয়টি নিয়ে উছেন মে বলেন, অভিযানের সময় ঘটনাস্থলে গিয়ে ছিলাম। তবে জরিমানা করেছেন সহকারী কমিশনার(ভুমি)। ওনি বিস্তারিত বলতে পারবেন।

সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায় বলেন, উপজেলার ঝামাঘাটা এলাকায় অভিযান চালানো হয়। এ সময় ওই কাজের কনডেক্টরকে বালুমহল মাটি ব্যবস্থাপনা আইনের ২০১০ সালের ৪ ধারা মোতাবেক ১৫ এর ১ ধারা অনুযায়ী অভিযুক্ত করে, এক লাখ টাকা জরিমানা করা হয়।

ওই সময় ইউএনও স্যার ছিলেন, তবে ভ্রাম্যমান আদালত আমি করেছি। এ সময় তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক সহ পুলিশ সদস্য ও

সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। এদিকে এ ধরনের অভিযান পরিচালনা করায় সন্তোষ প্রকাশ করেছেন এলাকাবাসী।

কোটচাঁদপুরে চলছে তীব্র তাপদহ আর গরম ঝরে পড়ছে গাছের আম

কোটচাঁদপুরে চলছে তীব্র তাপদহ আর গরম। অন্যদিকে বিদ্যুৎতের লোডশেডিং। এতে করে ঝরে পড়ছে গাছের আম। ধানে দেখা দিয়েছে ব্লাস্ট রোগ। ব্যহত হতে পারে উৎপাদন,এমন আশংকা চাষিদের। তবে ইতোমধ্যে চাষিদের সচেতন করতে লিফলেট বিতরন ও বিভিন্ন ধরনের পরামর্শ অব্যহত রেখেছেন বলে জানিয়েছেন, উপজেলা কৃষি কর্মকর্তা নাজিবুল হাসান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, কোটচাঁদপুর উপজেলায় এ বছর ধানের চাষ হয়েছে ৬ হাজার ১ শ ৫০ হেক্টর। তবে গেল বছরের তুলনায় ৫০ হেক্টর জমিতে কম চাষ হয়েছে।

আর আমের চাষ হয়েছে ৭ শ হেক্টর জমিতে। গেল বছর উৎপাদন হয়েছিল ১২ হাজার ৬ শ মেট্রিক টন। এ উপজেলায় ১৭ শ টি বাগান রয়েছে। তবে সব কিছু ঠিক ঠাক থাকলে গেল বছরের তুলনায় বেশি উৎপাদন হবে বলে আশাও করেছেন।

উপজেলার তালসার গ্রামের চাষি সোহরাব হোসেন বলেন,তীব্র তাপদহ,গরমে এমনিতেই ফসলের ক্ষতি হচ্ছিল। এরপর কয়েক দিন ধরে বিদ্যুৎতের টানা লোডশেডিংয়ে চাষিররা দিশেহারা। ওই চাষি বলেন, তাপ আর গরম থাকলেও ক্ষেতে ঠিকমত সেচ দেওয়ায় ফসলের তেমন ক্ষতি হচ্ছিল না। এ লোডশেডিংয়ে কয়েকদিন ধরে ঠিকমত সেচ দেয়া যাচ্ছে না। এতে করে ধানের ডগা শুকিয়ে যাচ্ছে। দেখা দিচ্ছে ব্লাষ্ট রোগ। যাতে উৎপাদন ব্যহত হতে পারে।

এ ছাড়া তাপ আর গরমে আমের গুটি লাল হয়ে ঝরে পড়ছে। তবে অন্য কোন ফসলে তেমন কোন সমস্যা দেখা যাচ্ছে না। এ সব বিষয় নিয়ে কৃষি অফিস ধানের জমিতে পানি রাখতে পরামর্শ দিয়েছেন। এছাড়া আমের জমিতে সেচ ও গাছেও পানি স্প্রে করতে বলেছেন।

নারানবাড়িয়া গ্রামের ফয়েজ আহমেদ বলেন, এ তাপ আর গরমে আম ঝরে পড়ছে। ধানেও দেখা দিয়েছে ব্লাস্ট রোগ। এতে করে উৎপাদন কমতে পারে বলে জানিয়েছেন ওই চাষি।

উপজেলা কৃষি কর্মকর্তা নাজিবুল হাসান বলেন,তীব্র তাপদহ ও অনাবৃষ্টিতে ধানের ক্ষতি হতে পারে। তবে সব ধরনের ধানের ক্ষতি হবে না। মূলত যে ধানের ফুল রয়েছে, ওই সব ধানের সমস্যা হতে পারে।

এ ছাড়া ব্লাষ্ট রোগের প্রাদুভাব দেখা দিয়েছে। তবে তেমন বেশি না। মাত্র ১ হেক্টর ধানের জমিতে এ রোগ দেখা দিয়েছে। তিনি বলেন, ইতোমধ্যে আমরা চাষিদের সচেতন করতে এলাকায় এলকায় লিফলেট বিতরন করা হচ্ছে।

কৃষি কর্মকর্তা বলেন,যে আবহাওয়ায় আম কিছু ঝরে পড়তে পারে। সে ক্ষেত্রে গাছের গোড়ায় পানি দেয়া যেতে পারে। এ ছাড়া অন্য কোন ফসলের তেমন কোন ক্ষতি হওয়ার কথা আমার জানা নাই। এ ছাড়া কেউ অভিযোগ ও করেনি।

তবে বিদ্যুৎ নিয়ে চাষিদের অভিযোগ রয়েছে। বেশ কয়েক দিন ধরে, ঘন ঘন লোডশেডিং হচ্ছে। ফলে চাষিরা তাদের চাহিদা অনুযায়ী সেচ দিতে পারছে না। এ কারনে ধানে বিভিন্ন ধরনের রোগের প্রাদুভাব দেখা দিতে পারে। এতে করে উৎপাদন ও কম হওয়ার আশংকা দেখা দিবে।

কোটচাঁদপুরে অগ্নিকান্ডজনিত দূর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা

অগ্নিকান্ডজনিত দূর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান

মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়, প্রকৌশলী মিজানূর রহমান,মৎস্য কর্মকর্তা সঞ্জয় ঘোষ, সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, কৃষি কর্মকর্তা রাজি বসু হাসান ও কোটচাঁদপুর ফায়ার স্টেশনের, স্টেশন মাস্টার আক্কাস আলী।

মতবিনিময় সভার মূল আলোচ্য বিষয় ছিল অগ্নিকান্ড জনিত দূর্ঘটনা। এ কারনেই পুরো আলোচনা জুড়েই ছিলেন, ফায়ার স্টেশনের, স্টেশন মাস্টার আক্কাস আলী।

এ সময় উপস্থিত বক্তাদের বক্তব্যে বার বার উঠে এসেছেন পানির বিষয়টি। যা অগ্নি নির্বাপনে সব থেকে বেশি প্রয়োজন। যা কোটচাঁদপুর শহরে তেমন নাই। তবে বিকল্প ব্যবস্থা হিসেবে পৌর সভার পানির পাম্প ব্যবহার করার সম্মতি জ্ঞাপন করেছেন মেয়র সহিদুজ্জামান সেলিম।

এছাড়া আবাসিক প্রকৌশলি অফিসে মধ্যে থাকা পানির পাম্পও ব্যবহার করার কথা জানান প্রকৌশলি মনোয়ার হোসেন।

পরে স্থানীয় ফায়ার স্টেশনের সদস্যরা অগ্নিকান্ডে মানুষের করনীয় বিষয় নিয়ে একটি মহড়া উপস্থাপন করেন, অফিসার্স ক্লাবে সামনে।

কোটচাঁদপুরে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

কোটচাঁদপুরে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে সোমবার সকালে অফিসার্স ক্লাবে আলোচনা সভা করা হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী অফিসার উছেন মে। এ ছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আব্দুর

রশিদ,থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ ঋঋবৎস্যকর্মকর্তা সঞ্চয় কুমার, সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

এ সময় বক্তারা ১৭ এপ্রিল মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরেন।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের দুই এম্বুলেন্সের ১ জন ড্রাইভার

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের দুইটি এম্বুলেন্সের ড্রাইভার রয়েছে ১ জন। এতে করে পরিবহন সেবা থেকে বঞ্চিত হচ্ছেন সাধারন মানুষ। এ স্বাস্থ্য কমপ্লেক্সে আরেকটি ড্রাইভার এখন সময়ের দাবি এলাকাবাসির।

জানা যায়, ১ টি পৌর সভা ও ৫ টি ইউনিয়ন পরিষদ নিয়ে এ উপজেলা। এ উপজেলায় রয়েছে ১ লাখ ৪১ হাজার ১শ ২১ জন মানুষ। এ ছাড়া এ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫টি উপজেলার মাঝখানে অবস্থিত। এ কারনে ওই সব উপজেলার অধিকাংশ রোগি চিকিৎসা সেবা নিতে আসেন এ কমপ্লেক্সে।যার মধ্যে রয়েছে ঝিনাইদহ সদরের কিছু অংশ, কালিগঞ্জ, মহেশপুর, চৌগাছা ও জীবননগর।

এ সব উপজেলা থেকে প্রতিনিয়ত রোগি আসে এ কমপ্লেক্সে। এ কারনে বাড়তি চাপ নিতে হয় এ কমপ্লেক্সের ডাক্তার, নার্স, সহ সংশ্লিষ্টদেরকে। এর মধ্যে রয়েছে পরিবহন সেবা অন্যতম। এ স্বাস্থ্য কমপ্লেক্সে দুইটি এম্বুলেন্স রয়েছে। তবে ড্রাইভার রয়েছে ১ টি। এ কারনে রোগিরা সরকারি এম্বুলেন্স সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

অন্যদিকে প্রাইভেট এম্বুলেন্সের সেবা নিতে গেলে ব্যয় হচ্ছে বেশি টাকা। আর এ সবের জন্য স্বাস্থ্য কমপ্লেক্স ঘিরে গড়ে উঠেছে প্রাইভেট এম্বুলেন্সের ব্যবসা। কয়েক বছর আগেও কোটচাঁদপুরে

পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ জানান, স্বাস্থ্য কমপ্লেক্সের দুইটি এম্বুলেন্স রয়েছে। ড্রাইভার একটা। ওই ড্রাইভার অলটানেট করে চালাবেন এম্বুলেন্স। তিনি বলেন, এ কমপ্লেক্সে একটা ড্রাইভারের পদ রয়েছে। চাইলেই হবে না। তবে কমপ্লেক্সের ১শ ভেবে কার্যক্রম চালু হলে এই সময় দুইজন ড্রাইভার চাইলে হয়তো পাওয়া যেতে পারে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ইঞ্জিন চালিত ভ্যান চুরি

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ইঞ্জিন চালিত ভ্যান চুরির ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার সকালে এ চুরির ঘটনা ঘটে। এ ব্যাপারে বুধবার থানায় অভিযোগ করেছেন ভুক্তভোগী মোজাম বিশ্বাস।

ভুক্তভোগি মোজাম বিশ্বাস বলেন, গতকাল মঙ্গলবার সকাল ১১ টা বাজে। বাড়ি থেকে বের হয়ে একজন যাত্রী নিয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে আসি। এরপর তাকে নামিয়ে দিয়ে, স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে ভ্যানের উপর বসে ছিলাম। কিছুক্ষণ পর পাশের বাথরুমে যায়। ফিরে এসে ভ্যানটি আর পায়নি।

এরপর অনেক খোজ করি চারিদিকে। না পেয়ে বাড়ি ফিরে যায়। তিনি বলেন, আমার সংসারে তিন কণ্যা সন্তান আর স্ত্রী। পরিবারের সদস্য সংখ্যা ৫ জন। যাদের প্রত্যেকের মুখে আহার জোটে আমার আয়ের উপর। এখন আমার বাড়ির ৫ শতক ওই মাথা গোছার জমি ছাড়া আর কিছু নাই আমার।

মোজাম বলেন,ভ্যানটি কালিগঞ্জের ইসলামী ব্যাংক থেকে লোন করে কিনে ছিলাম। যার কিস্তি এখনও চলছে। ভ্যান হারিয়ে এখন উভয় সংকটে আমি। একদিকে কিস্তি,অন্যদিকে প্রতিদিনের সংসার চালানো খরচ। এ ছাড়া কয়েক দিন পর ঈদ। এখন আমি কি করবো,আর কোথায় গেলে এর সমাধান মিলবে তা আমি বুঝতে পারছিনা। মোজাম বিশ্বাস কালিগঞ্জ শাহপুর - ঘিঘাটি আবাসন সংলগ্ন পাড়ার বাসিন্দা। সে ওই পাড়ার আবুল হোসেনের

ছেলে। বুধবার বিকালে মোজাম বিশ্বাস কোটচাঁদপুর থানায় অভিযোগ করেন।

উল্লেখ,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স চুরি এখন নিত্য দিনের ঘটনা। এর আগে ও অনেকের অনেক কিছু চুরি হলেও কেউ কিছু ফেরত পায়নি। এটা কতৃপক্ষের অবহেলায় ঘটছে বলে অভিযোগ ভুক্তভুগীদের।

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) গৌরঙ্গ বর্মন বলেন, আজ বিকেলে এ সংক্রান্ত একটা অভিযোগ করেছেন এক মুরুব্বী।

কোটচাঁদপুর মিনিস্টার শো- রুমের উদ্ভোধন

উৎসব মুখর পরিবেশে জাকজোমক ভাবে শুভ উদ্বোধন করা হয়েছে কোটচাঁদপুরের মিনিস্টার শো-রুম। মঙ্গলবার বিকেলে কোটচাঁদপুরের দুধসরা মোল্লা মার্কেটের এ শো-রুমটি উদ্ভোধন করা হয়।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বাংলাদেশ আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপ কমিটি ও মিনিস্টার -মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এম,এ রাজ্জাক খান (রাজ)।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে ফিতে কেটে শো-রুমের উদ্ভোধন করেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা নেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিনিস্টার গ্রুপে ডিরেক্টর রফিকুল ইসলাম লিটন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল (সিডল), প্রাক্তন শিক্ষক ও সমাজ সেবক আব্দুল মালেক মাস্টার।

অতিথিবৃন্দরা বলেন, মিনিস্টার আমাদের দেশীয় পণ্য। এবং গুনগত মানের দিক থেকেও রয়েছে দেশ ও দেশের বাইরে সু-নাম।

কোম্পানির চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ বলেন, মিনিস্টার

শো-রুম সারা বাংলাদেশ রয়েছে। কোটচাঁদপুরে একটি ব্যতিক্রম শো- রুমের উদ্ভোধন করা হল। এটা কোম্পানির শো-রুম না,এটা আপনাদের শো-রুম। এ কথা মনে করে আপনারা সবাই মিনিস্টার পণ্য কিনবেন বলে আশা করছি।

কোটচাঁদপুরে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

কোটচাঁদপুরে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রে ২৪/৭ সার্বক্ষণিক স্বাভাবিক প্রসব সেবা জোরদারকরণ বিষয়ক অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর উপজেলা পরিষদ অফির্সাস ক্লাব মিলনায়তনে “আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার” এই প্রতিপাদ্য কে সামনে রেখে স্বাস্থ শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এমসিএইচ-সার্ভিসেস এর ব্যবস্থাপনায় ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আয়োজনে এ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

এসময় স্বাগত বক্তব্য রাখেন ঝিনাইদহ সহকারী পরিচালক পরিবার পরিকল্পনা অফিসার মোজাম্মেল করিম, অবহিতকরণ কর্মশালায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের পরিবার পরিকল্পনা পরিচালক (যুগ্মসচিব) হাবিবুল হক খান ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবার পরিকল্পনা অধিদপ্তর (এমসিএইচ-সার্ভসেস) এবং লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ) পরিচালক ডাঃ মাহমুদুর রহমান, প্রধান উপপরিচালক (এমসিএইচ)ও প্রোগ্রাম ম্যানেজার মাতৃস্বাস্থ্য ডাঃ জাহাঙ্গীর আলম, ঝিনাইদহ উপপরিচালক পরিবার পরিকল্পনা এস এম আল কামাল , উপজেলা আওয়ামী লীগ সভাপতি ও